ইলিয়া সুমনা
কোর্স পরিচালক
১২৪তম, ১২৫তম এবং ১২৬তম আইন ও প্রশাসন কোর্স এবং
পরিচালক (প্রশিক্ষণ)
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
ফোন: ০২-৫৫১৬৫৯০৫
মোবাইল: ০১৩০৪৭২০৬৭২
ই-মেইল: iliya.sumana@gmail.com


প্রিয় সহকর্মী,

বিসিএস প্রশাসন একাডেমিতে আগামী ২২ মে ২০২২ থেকে শুরু হতে যাওয়া ৫ (পাঁচ) মাস ব্যাপী ১২৪তম, ১২৫তম এবং ১২৬তম আইন ও প্রশাসন কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত হওয়ায় একাডেমির সম্মানিত রেক্টর ও কোর্স ম্যানেজমেন্ট টিমের পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক অভিনন্দন।

০২। আমরা আশা করছি, ইতোমধ্যে আপনি অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হয়ে ২১ মে ২০২২ তারিখে বিকাল ৩টায় আপনাকে আবশ্যিকভাবে একাডেমিতে উপস্থিত থাকতে হবে। দীর্ঘমেয়াদি এ আবাসিক প্রশিক্ষণের পর্যাপ্ত পূর্ব-প্রস্তুতি গ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয় নির্দেশাবলী প্রদান করা হলো।

ক) প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য প্রশিক্ষণকালে একাডেমিতে অবস্থান করা বাধ্যতামূলক।

খ) কোর্সটি দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি যেমনঃ ক্লাস, মাঠ সংযুক্তি, শিক্ষা সফর, সেমিনার, কর্মশালা, সম্প্রসারিত অধিবেশন, শরীরচর্চা ও খেলাধূলা নিয়ে সাজানো হয়েছে। সকল কর্মসূচিতে প্রশিক্ষণার্থীদের আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।

গ) আমরা নৈতিকতা ও নিয়মশৃঙ্খলার উপর বিশেষ গুরুত্ব আরোপ করি বিধায় প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের নিকট হতে সর্বোচ্চ সহযোগিতা প্রত্যাশা করছি।

ঘ) প্রশিক্ষণকালে নারী প্রশিক্ষণার্থীদের জন্য সর্বাধিক একটি শিশুসন্তান (৯ মাস হতে ৩ বছর পর্যন্ত) নিয়ে একাডেমিতে থাকার সীমিত সুযোগ রয়েছে। এই সুযোগটি গ্রহণ করার জন্য কোর্স শুরুর পূর্বেই কোর্স ম্যানেজমেন্ট টিমকে অবহিত করতে হবে। একজন প্রশিক্ষণার্থী হিসেবে আপনাকে অবশ্যই সকল অধিবেশন/কর্মসূচিতে উপস্থিত থেকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে। এমতাবস্থায়, শিশুসন্তানের সঠিক যত্ন নেয়ার পর্যাপ্ত ব্যবস্থা আপনাকেই নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, একাডেমিতে শিশু দিবাযত্ন কেন্দ্র রয়েছে, যা কেবলমাত্র অফিস সময়ে খোলা থাকে। উল্লেখ্য, শিশুর যত্ন প্রদানের নিমিত্ত পর্যাপ্ত সহায়ক কর্মচারী একাডেমিতে অপ্রতুল বিধায় শিশুর সার্বক্ষণিক পরিচর্যার জন্য নিজস্ব ব্যবস্থাপনায় একাডেমিতে নিজ বরাদ্দকৃত কক্ষে একজন কেয়ারগিভার (নারী) সঙ্গে রাখতে পারেন। সেক্ষেত্রে তার ২ কপি পাসপোর্ট সাইজে ছবি ও জাতিয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি রিপোর্টিং এর সময় জমা দিতে হবে। একাডেমিতে অবস্থানকালে কেয়ারগিভারের সকল দায়দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাই বহন করবেন। তবে নির্ধারিত মূল্যের বিনিময়ে ডাইনিং এ তার খাবার ব্যবস্থা করা যাবে।

ঙ) একাডেমিতে যোগদানের সময় প্রশিক্ষণার্থীকে নিম্নোক্ত জিনিসপত্র সঙ্গে আনার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে :

- কর্মস্থল থেকে ছাড়পত্র;
- সদ্য তোলা ১০ কপি পাসপোর্ট সাইজ ফটো;
- ৭৫০০ (সাত হাজার পাঁচশত) টাকা নগদ জামানত (একাডেমিতে রিপোর্টিং এর সময় নগদ প্রদান করতে হবে, যা সফলভাবে প্রশিক্ষণ শেষে ফেরতযোগ্য);
- প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বইপত্র এবং নিজ কর্মস্থলের (জেলা/মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর) পরিচিতি বিষয়ে উপস্থাপনার জন্য পর্যাপ্ত তথ্য-উপাত্ত ও বইপত্র;
- উদ্বোধনীসহ বিভিন্ন অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিক পোশাক।প্রশিক্ষণটির ব্যাপ্তি বিবেচনায় পর্যাপ্ত সংখ্যক আনুষ্ঠানিক ও ব্যবহার্য পোশাক নিয়ে আসার জন্য অনুরোধ করা যাচ্ছে (পোশাক সংক্রান্ত সংযুক্তিটি দেখুন)।

এছাড়াও প্রশিক্ষণকালে ব্যবহারের জন্য নিজস্ব খেলাধুলা, শরীরচর্চা, ছবি আকা, সঙ্গীতের উপকরণ/সরঞ্জাম, ল্যাপটপ ইত্যাদি সঙ্গে আনতে পারেন। তবে নিজের ল্যাপটপ না আনলে প্রশিক্ষণকালীন সময়ের জন্য একাডেমি থেকে ল্যাপটপ সরবরাহ করা হবে যা প্রশিক্ষণ শেষে ফেরতযোগ্য।

০৩। এ কোর্সে কমিউনিকেটিভ ইংলিশের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়ে থাকে। সেশনসহ সকল কর্মসূচি ইংরেজিতে পরিচালিত হবে। বক্তা, কোর্স ম্যানেজমেন্ট টিম ও সহপ্রশিক্ষণার্থীদের সাথে ইংরেজিতে কথা বলার মানসিক প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

০৪। কোভিড সংক্রান্ত সাধারণ ও একাডেমির নির্দেশনা আবশ্যিকভাবে পালন করতে হবে। এ সংক্রান্ত সংযুক্তিটি মনোযোগ দিয়ে লক্ষ্য করুন।

০৫। প্রশিক্ষণ সংক্রান্ত যেকোনো প্রয়োজনে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করছি:

| **কোর্সের নাম** | **কোর্স সমন্বয়ক** | **সহকারি কোর্স সমন্বয়ক** |
|---|---|---|
| ১২৪তম আইন ও প্রশাসন কোর্স | ড. মোহাম্মদ কামরুজ্জামান<br>মোবাইল: ০১৭১৫৩৭৫৫৯০ | জনাব নাজনীন সুলতানা<br>মোবাইল: ০১৭২৪৫৮৪৬২০ |
| ১২৫তম আইন ও প্রশাসন কোর্স | ড. মোঃ মঈন উদ্দিন<br>মোবাইল: ০১৭৪৬৪২৫৩৫৯ | জনাব ফারজানা রহমান রহমান<br>মোবাইল: ০১৭৯৬২৫৫৭৮৯ |
| ১২৬তম আইন ও প্রশাসন কোর্স | জনাব শফিকুর রিদোয়ান আরমান শাকিল<br>মোবাইল: ০১৮১৭৭১৩৭৯০ | জনাব তানিয়া মুন<br>মোবাইল: ০১৭১৪৩৫২৮৫৪ |

০৬। আইন ও প্রশাসন কোর্স বিসিএস (প্রশাসন) ক্যাডারের একটি মৌলিক প্রশিক্ষণ। একজন মেধাবী নবীন কর্মকর্তা হিসেবে এ প্রশিক্ষণে আপনার সক্রিয় ও আন্তরিক অংশগ্রহণ আশা করছি যা বিসিএস প্রশাসন একাডেমি এবং সার্বিকভাবে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ভাবমূর্তিকে উজ্জ্বল করবে। আমি বিশ্বাস করি, একজন আলোকিত ও পেশাদার কর্মকর্তা হিসেবে নিজেকে গড়ে তুলতে এই প্রশিক্ষণ আপনার ভিত শক্ত করবে।

০৭) প্রশিক্ষণটি আনন্দময় ও অংশগ্রহণমূলক হওয়ার প্রত্যাশা করছি।

ইলিয়া সুমনা
কোর্স পরিচালক
১২৪তম, ১২৫তম এবং ১২৬তম আইন ও প্রশাসন কোর্স

প্রাপক
সকল প্রশিক্ষণার্থী
১২৪তম/১২৫তম/১২৬তম আইন ও প্রশাসন কোর্স

# নির্দেশাবলী (নারী প্রশিক্ষণার্থীদের জন্য)

| | |
|---|---|
| ০১ | কোনো ক্লাসে অথবা অনুষ্ঠান উপলক্ষ্যে অসংযত পোষাক পরিধান করা যাবে না। |
| ০২ | চুল পরিচ্ছন্নভাবে আচঁড়ানো ও বাধা থাকবে, অবশ্যই চুল বিনুনী করা থাকবে অথবা খোপা বাঁধা থাকবে। |
| ০৩ | অশোভন কেশবিন্যাস নিষিদ্ধ। |
| ০৪ | চুল রঙ করা ও মানানসই নয় এমন অলঙ্কারাদি ব্যবহার করা যাবে না। |
| ০৫ | শাড়ির রঙ এবং নকশা মার্জিত হতে হবে। উজ্জ্বল রঙ বা জরি-ফিতা শাড়িতে ব্যবহার করা যাবে না। |
| ০৬ | ব্লাউজের হাতা স্বাভাবিকের চেয়ে বড় বা ছোট হবে না। |
| ০৭ | অস্বাভাবিক আকৃতির সালোয়ার-কামিজ পরিধঅন করা যাবে না। সালোয়ার-কামিজ শালীন ও মানানসই আকৃতির হতে হবে। |
| ০৮ | সালোয়ার-কামিজ অতিরিক্ত বড় বা ছোট হওয়া যাবে না। |
| ০৯ | সকল পরিধেয় বস্ত্র পরিস্কার-পরিচ্ছন্ন এবং ইস্ত্রীকৃত ও প্রয়োজনীয় ক্ষেত্রে মাড় দেয়া হতে হবে। |
| ১০ | সম্পূর্ণ পা ঢাকা জুতা পরিধান করতে হবে। কোনো চটি, স্পঞ্জ স্যান্ডেল বা হাওয়াই চপ্পল গ্রহণযোগ্য নয়। |
| ১১ | জুতার রঙ এবং নকশা শোভন হতে হবে। |
| ১২ | জুয়েলারিসমূহ অবশ্যই মার্জিত হবে। কোনো ভারী, অপ্রচলিত, অত্যন্ত মূল্যবান বা অসংযত জুয়েলারি ব্যবহার করা যাবে না। |
| ১৩ | হালকা মেকাপ গ্রহণযোগ্য হবে। আই শ্যাডো, আই লাইনার বা নেইল পলিশ ব্যবহারের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে, যেনো শালীনতা লঙ্ঘন না হয়। |
| ১৪ | হালকা সুগন্ধি ব্যবহার করা যাবে। |
| ১৫ | খাবার ঘরে কোনো ক্যাজুয়াল পোশাক পরিধান করা যাবে না। |

## পোশাকবিধি

### নারী প্রশিক্ষণার্থীদের জন্য

নিম্নোক্ত পোশাকবিধিসমূহ আবশ্যিকভাবে মেনে চলার জন্য নির্দেশ করা হলোঃ

| উপলক্ষ্য/ অনুষ্ঠান | পোশাক বিধি |
|---|---|
| শ্রেনী কক্ষ | ১। ৩টি নির্ধারিত রঙের শাড়ী<br>২। অন্যান্য কাপড়গুলো অবশ্যই শাড়ীর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।<br>৩। শীতের সময় অবশ্যই ব্লেজার পরিধান করতে হবে।<br>৪। সম্পূর্ণ পা ঢাকা কালো জুতা<br>৫। কোনো সালওয়ার-কামিজ পরিধান করা যাবে না। |
| মেস নাইট/ অতিথি রজনী/ উদ্বোধনী অনুষ্ঠান | ১। গাঢ় রঙ এর শাড়ী<br>২। অন্যান্য পরিধেয় অবশ্যই শাড়ীর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।<br>৩। সম্পূর্ণ পা ঢাকা কালো জুতা |
| শরীর চর্চা ও খেলাধুলা | ১। সাদা সালোয়ার/ সাদা টি শার্ট<br>২। সাদা কামিজ/ সাদা ট্রাউজার<br>৩। সাদা স্পোর্টস স্যু<br>৪। সাদা মোজা |
| খাবার ঘর | ১। ফর্মাল সালোয়ার-কামিজ/শাড়ী<br>২। ফর্মাল জুতা<br>৩। ডরমিটরির বাইরে কোনো স্পঞ্জের জুতা ব্যবহার করা নিষিদ্ধ |

## পুরুষ প্রশিক্ষণার্থীদের জন্য

| | |
|---|---|
| ০১ | কোনো ক্লাসে অথবা অনুষ্ঠান উপলক্ষ্যে অসংযত পোষাক পরিধান করা যাবে না। |
| ০২ | প্রত্যেকটি অনুষ্ঠানে কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত পোশাক পরিধান করতে হবে। |
| ০৩ | চুল পরিচ্ছন্নভাবে আচড়ানো থাকতে হবে। |
| ০৪ | অপ্রচলিত কেশবিন্যাস কঠোরভাবে নিষিদ্ধ |
| ০৫ | চুলে রঙ করা এবং ব্যান্ড ব্যবহার করা যাবে না। |
| ০৬ | দাড়ি পরিচ্ছন্নভাবে ছাটা থাকবে। |
| ০৭ | দাড়ি না থাকলে ক্লিন শেভড থাকতে হবে। |
| ০৮ | সকল পরিধেয় বস্ত্রের রঙ এবং নকশা কর্মকর্তাসুলভ হতে হবে। উজ্জ্বল রঙ বা জরি-ফিতা ব্যবহার করা যাবে না। |
| ০৯ | কোনো জিন্স, ঢিলেঢালা প্যান্ট বা কলারবিহীন টি শার্ট গ্রহণযোগ্য হবে না। |
| ১০ | শুধুমাত্র গাঢ় রঙয়ের (কালো বা নেভী ব্লু) ফরমাল স্যুট ব্যবহার করতে হবে। |
| ১১ | বাধ্যতামূলকভাবে একাডেমি প্রদত্ত নির্দিষ্ট কোর্সভিত্তিক টাই পরিধান করতে হবে। |
| ১২ | শার্ট বা ট্রাউজার অত্যন্ত আঁটসাঁট বা ঢিলেঢালা হতে পারবে না। |
| ১৩ | শার্ট, প্যান্ট বা স্যুট অত্যন্ত আঁটসাঁট বা ঢিলেঢালা হতে পারবে না। |
| ১৪ | মোজার রঙ অবশ্যই প্যান্ট ও জুতার সাথে সাথে মানানসই হতে হবে যেন পায়ের কোনো অংশ দৃশ্যমান না হয়। |
| ১৫ | হালকা সুগন্ধি ব্যবহার করা যাবে। উগ্র সুগন্ধি ব্যবহার নিষিদ্ধ। |
| ১৬ | সকল পরিধেয় বস্ত্র পরিস্কার-পরিচ্ছন্ন এবং ইস্ত্রীকৃত ও প্রয়োজনীয় ক্ষেত্রে মাড় দেয়া হতে হবে। |
| ১৭ | কোনো প্রকার জুয়েলারি ব্যবহার করা যাবে না। পোশাক, কেশবিন্যাস বা জুতা অবশ্যই কর্মকর্তাসুলভ হতে হবে। |
| ১৮ | খাবার হলে কোনো ক্যাজুয়াল পোশাক পরিধান করা যাবে না। |

**<u>পোশাকবিধি</u>**

**পুরুষ প্রশিক্ষণার্থীদের জন্য**

নিম্নোক্ত পোশাকবিধিসমূহ আবশ্যিকভাবে মেনে চলার জন্য নির্দেশ করা হলোঃ

| **উপলক্ষ্য/ অনুষ্ঠান** | **পোশাক বিধি** |
|---|---|
| শ্রেনী কক্ষ | ১। ক্লোজড কলার ফুল হাতা সাদা শার্ট<br>২। কালো প্যান্ট<br>৩। শুধুমাত্র গাঢ় রঙয়ের (কালো বা নেভী ব্লু) ফরমাল স্যুট (শীতকালের জন্য)<br>৪। কালো অক্সফোর্ড জুতা<br>৫। কালো লং মোজা<br>৬। একাডেমি কর্তৃক নির্ধারিত টাই |
| মেস নাইট/ অতিথি রজনী/ উদ্বোধনী অনুষ্ঠান | ১। ক্লোজড কলার ফুল হাতা সাদা শার্ট<br>২। কালো প্যান্ট<br>৩। শুধুমাত্র গাঢ় রঙয়ের (কালো বা নেভী ব্লু) ফরমাল স্যুট (শীতকালের জন্য)<br>৪। কালো অক্সফোর্ড জুতা<br>৫। কালো লং মোজা<br>৬। একাডেমি কর্তৃক নির্ধারিত টাই |
| শরীর চর্চা ও খেলাধুলা | ১। সাদা টি শার্ট<br>২। সাদা ট্রাউজার<br>৩। সাদা রানিং শ্যু/কেডস |
| খাবার ঘর | ১। শার্ট / টি শার্ট (কলারসহ)<br>২। প্যান্ট (ট্রাউজার পরিধান করা যাবে না)<br>৩। ফরমাল স্যান্ডেল |

পৃথক সংযুক্তি:

** কোভিড পরিস্থিতি জনিত কারণে স্বাস্থ্য বিধি সঠিকভাবে প্রতিপালনের সার্থে নিম্নোক্ত বিষয়াদির দিকে লক্ষ্য রাখতে বিশেষভাবে অনুরোধ করছি।

- আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য যদি গত ১৫ দিনের মধ্যে কোভিড আক্রান্ত হয়ে থাকেন যার সংস্পর্শে আপনি এসেছিলেন, সেক্ষেত্রে রিপোর্টিং এর সময় আপনাকে কোভিড নেগেটিভ সনদ দাখিল করতে হবে (সরকারি/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান হতে);
- গত ০১ সপ্তাহের মধ্যে যদি আপনার মধ্যে কোভিড সংক্রমনের কোনো উপসর্গ দেখা যায়, সেক্ষেত্রে কোভিড টেস্ট করে নিশ্চিত হয়ে নিন। positive হলে আপনার কোর্স সমন্বয়ক কে জানিয়ে কোর্সে যোগদান থেকে বিরত থাকুন। Negative হলেও যদি শারীরিক অসুবিধা থাকে, সেক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ নিয়ে কোর্সে যোগদানের বিষয়ে সিদ্ধান্ত নিন।
- অতীব জরুরি প্রয়োজনে কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ছাড়া ক্লাস চলাকালীন/আগে/পরে/সপ্তাহান্তে একাডেমি ত্যাগ নিরুৎসাহিত করা হবে।
- প্রশিক্ষণ চলাকালে কোনো প্রশিক্ষণার্থী কোভিড সংক্রমনে আক্রান্ত হলে/জরুরি অসুস্থ হলে/ আইসোলেশন/উন্নত চিকিৎসা সেবার ব্যবস্থা প্রশিক্ষণার্থীকে করতে হবে।
- স্যানিটাইজার, মাস্কসহ কোভিড সংক্রান্ত দ্রব্য সামগ্রী প্রশিক্ষণার্থীকে নিজ দায়িত্বে সংক্রান্ত করতে হবে।
- রিপোর্টিং এর সময় প্রেত্যেক প্রশিক্ষণার্থীকে একাডেমির চিকিৎসকের সম্মুখে উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করে নিতে হবে।
- কোভিড ভ্যাকসিন ২ ডোজ গ্রহণের সনদপত্র দাখিল করতে হবে (যে কোনো অনুমোদিত প্রতিষ্ঠান থেকে)।